



## ইসরায়েল-লেবানন ১০ দিনের যুদ্ধবিরতি, ঘোষণা ট্রাম্পের



ছবি: সংগৃহীত

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প জানিয়েছেন, ইসরায়েল ও লেবানন ১০ দিনের জন্য যুদ্ধবিরতিতে সম্মত হয়েছে। বৃহস্পতিবার বাংলাদেশ সময় রাত ৩টা থেকে এই সিদ্ধান্ত কার্যকর হওয়ার কথা।

নিজের সামাজিক যোগাযোগমাধ্যমে দেওয়া এক বার্তায় তিনি জানান, লেবাননের প্রেসিডেন্ট জোসেফ আউন এবং ইসরায়েলের প্রধানমন্ত্রী বেনিয়ামিন নেতানিয়াহুর সঙ্গে আলোচনা শেষে এ সমঝোতা হয়েছে।

তবে এই ঘোষণায় ইরান-সমর্থিত সশস্ত্র গোষ্ঠী হিজবুল্লাহর নাম উল্লেখ করা হয়নি, যদিও তাদের সঙ্গে ইসরায়েলের সংঘাত চলমান রয়েছে।

এর আগে ওয়াশিংটনে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রীর উপস্থিতিতে প্রায় তিন দশকের বেশি সময় পর ইসরায়েল ও লেবাননের প্রতিনিধিরা বৈঠকে বসেন, যা উত্তেজনা কমানোর ক্ষেত্রে গুরুত্বপূর্ণ অগ্রগতি হিসেবে বিবেচিত হচ্ছে।

ট্রাম্প আরও জানান, সংশ্লিষ্ট শীর্ষ কর্মকর্তাদের তিনি দীর্ঘমেয়াদি শান্তি প্রতিষ্ঠার লক্ষ্যে কাজ করার নির্দেশ দিয়েছেন। পাশাপাশি তিনি দাবি করেন, এর আগে তিনি বিশ্বের নয়টি সংঘাত থামাতে ভূমিকা রেখেছেন এবং এটিকে সম্ভাব্য আরেকটি সফল উদ্যোগ হিসেবে দেখছেন।